# U.G. 2nd Semester Examination - 2021

# BENGALI

## [HONOURS]

### Course Code : BBNGCCHT201

### Course Title : ছন্দ ও অলংকার

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) 'যতি' কাকে বলে?

খ) শ্বাসাঘাত কাকে বলে?

গ) 'পয়ার'-এর প্রতি চরণের প্রথম পর্বের মাত্রাসংখ্যা কত?

ঘ) একজন কবি ছান্দসিকের নাম লেখো।

ঙ) কোন্ ছন্দের শোষণশক্তি সবচেয়ে বেশি?

চ) লঘু ত্রিপদীর মাত্রাসংখ্যা কত?

ছ) 'অপরাজিতা' শব্দটিতে কটি মুক্তদল আছে?

জ) কোন্ ছন্দরীতির উপর 'ধামালী ছন্দ' প্রতিষ্ঠিত?

ঝ) ব্যতিরেক অলংকারের সংজ্ঞা লেখো।

ঞ) কোনো বর্ণের বা বর্ণগুচ্ছের বার বার উচ্চারণের দ্বারা যে অলংকার সৃষ্টি হয় তার নাম কী?

*[পরের পাতায়]*

ট) 'ভারত ভারতখ্যাত আপনার গুণে' — এটি কোন্ অলংকার?

ঠ) 'অপহ্নুতি' ও 'নিশ্চয়' অলংকারের মূল প্রভেদ কোথায়?

ড) 'রূপক' অলংকারে ক্রিয়াপদটি সাধারণত কার অধীনস্থ থাকে?

ঢ) 'তুমি অচপল দামিনী' — এটি কী ধরণের রূপক অলংকার?

ণ) 'দৃষ্টান্ত' অলংকারে উপমেয় ও উপমানের অবস্থান কেমন হয় তা উল্লেখ করো।

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) ছন্দের পরিভাষায় অক্ষর কাকে বলে? অক্ষরের অপর আর এক নাম কী?

খ) উদাহরণসহ অতিপর্ব কাকে বলে বুঝিয়ে দাও।

গ) পয়ার ও মহাপয়ারের পার্থক্য লেখো।

ঘ) ছন্দের বিষয়ে লেখা প্রবোধচন্দ্র সেনের দুটি গ্রন্থের নাম লেখো।

ঙ) উদাহরণসহ শ্লেষ ও যমকের পার্থক্য নিরূপণ করো।

চ) 'পরপারে দেখি আঁকা তরুছায়া মসীমাখা' — এখানে কোন্ অলংকার ব্যবহৃত হয়েছে?

ছ) 'উপমা' অলংকারের ক'টি অংশ ও কী কী?

জ) 'বিরোধাভাস' অলংকারের স্বরূপ একটি উদাহরণসহ স্পষ্ট করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) ছন্দোলিপি প্রস্তুত করো (পর্ব, চরণ, মিল, লয় ও মাত্রা গণনারীতি নির্দেশ সহ):

‘দুর্গম গিরি কান্তার মরু দুস্তর পারাবার,

লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে যাত্রীরা হুঁশিয়ার’।

খ) সংজ্ঞাসহ অলংকার নিরূপণ করো:

‘দূরে বালুচরে কাঁপিছে রৌদ্র, নয় সে ঝিঁঝির পাখা’।

গ) সংজ্ঞাসহ অলংকার নিরূপণ করো:

‘রাবণ শ্বশুর মম মেঘনাদ স্বামী

আমি কি ডরাই সখী ভিখারী রাঘবে?’

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) শব্দালঙ্কার ও অর্থালঙ্কারের পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

খ) ‘সনেট’ কাকে বলে? উদাহরণসহ সনেটের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

গ) উদাহরণসহ গদ্যছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

---